# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

---

آরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنبَأَنَا أَشْعَثُ، عَنِ الشَّعْبِيِّ، وَابْنِ سِيرِينَ، أَنَّ ابْنَ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، كَانَ إِذَا حَدَّثَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْأَيَّامِ تَرَبَّدَ وَجْهُهُ وَقَالَ: هَكَذَا أَوْ نَحْوَهُ، هَكَذَا أَوْ نَحْوَهُ

إسناده ضعيف فيه أشعث بن سوار

বাংলা

২৭৯. শা’বী ও ইবনু সীরীন হতে বর্ণিত যে, ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু যখন কোনো কোনো দিন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কোনো হাদীস বর্ণনা করতেন, তখন তার চেহারা পাংশুটে (ভয়ে ফ্যাকাসে)[1] হয়ে যেতো। আর তিনি বলতে থাকতেন: ’এইরূপ’, অথবা ’এর অনুরূপ’, ’এইরূপ’, অথবা ’এর অনুরূপ’।’’[2]

ফুটনোট

[1] রাগের সময় ভীষণ লাল বর্ণ ধারণ করা।

[2] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। এ সনদে আশ’আস ইবনু সিওয়ার রয়েছে। পরের (নং ২৮৯), পূর্বের ও তার পূর্বের আছারগুলি দেখুন। (ইবনু মাসউদ হতে পূর্বের হাদীসে সহীহ সনদে এরূপ গত হয়েছে, যা এর শাহিদ হতে পারে- অনুবাদক)

তাখরীজ: (মুহাক্কিক্ব এর কোনো তাখরীজ করেন নি- অনুবাদক)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69590

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন